



বাংলাদেশ মার্চেন্ট মেরিন অফিসার্স এসোসিয়েশন

Bangladesh Merchant Marine Officers' Association

(Trade Union Registration No: B-1834, ITF Affiliated Union No. BAN 014)



স্মারক নং- ৫৫৮/২০২৫

তারিখঃ ১৭/০২/২০২৫ইং

“কার্যকরী পরিষদ ২০২৫-২০২৬” নির্বাচন-এর জন্য হালনাগাদকৃত খসড়া ভোটার তালিকা প্রকাশের বিজ্ঞপ্তি।

এতদ্বারা বাংলাদেশ মার্চেন্ট মেরিন অফিসার্স এসোসিয়েশন (BMMOA)-এর সম্মানিত সকল সদস্যবৃন্দের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, “কার্যনির্বাহী পরিষদ ২০২৫-২০২৬”-এর নির্বাচনের জন্য পূর্ব ঘোষিত বিজ্ঞপ্তি মোতাবেক ১৫ই ফেব্রুয়ারী, ২০২৫ইং তারিখ রাত ১২:০০ ঘটিকা পর্যন্ত হালনাগাদকৃত সদস্যদের তালিকা যাচাই-বাচাইয়ের কার্যক্রম চলমান রয়েছে। যাচাই-বাচাই শেষে খসড়া ভোটার তালিকা আগামী ২৩শে ফেব্রুয়ারী, ২০২৫ইং তারিখে বিজ্ঞপ্তির মাধ্যমে এসোসিয়েশনের ওয়েবসাইট (<https://www.bmhoa.org/>)-এ প্রকাশ করা হবে এবং আপত্তি ও শুনানীর জন্য সময় নির্ধারণ পূর্বক সদস্যদের ই-মেইলের মাধ্যমে অবহিত করা হবে। প্রকাশিত খসড়া ভোটার তালিকায় অন্তর্ভুক্ত সদস্যদের তথ্য হালনাগাদসহ কোন আপত্তি থাকলে তা নিম্নরূপ নির্ধারিত সময়ের মধ্যে আপত্তি গ্রহণ ও শুনানি শেষে চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হবে। উক্ত চূড়ান্ত ভোটার তালিকার সদস্যগণ ব্যতীত অন্য কেউ নির্বাচনে অংশগ্রহণ করতে পারবেন না। ভোটার তালিকা চূড়ান্তকরণের পর নির্বাচনী পরবর্তী কার্যক্রম অব্যাহত থাকবে।

খসড়া ভোটার তালিকা প্রকাশ : ২৩শে ফেব্রুয়ারী, ২০২৫ইং (বিকাল ০৫ঃ০০ ঘটিকা)।
আপত্তি ও শুনানি : ৩রা মার্চ, ২০২৫ইং তারিখ (বিকাল ০৫ঃ০০ ঘটিকা পর্যন্ত)।
চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ : ৭ই মার্চ, ২০২৫ইং তারিখ (বিকাল ০৫ঃ০০ ঘটিকা)।

বিঃ দ্রঃ নির্ভুল এবং স্বচ্ছ ভোটার তালিকা প্রকাশের সুবিধার্থে ১৫ই ফেব্রুয়ারী, ২০২৫ইং তারিখ রাত ১২:০০ ঘটিকার পর থেকে পরবর্তী ঘোষণা না দেওয়া পর্যন্ত নতুন সদস্যদের আবেদন এবং সদস্যদের বকেয়া মাসিক চাঁদা (সাবস্ক্রিপশন ফি) প্রদানের সুযোগ বন্ধ থাকবে।

ধন্যবাদান্তে,

নৌ প্রকৌশলী মোঃ মেহেরুল করিম

চেয়ারম্যান

নির্বাচন সাব-কমিটি

বাংলাদেশ মার্চেন্ট মেরিন অফিসার্স এসোসিয়েশন

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মাননীয় পরিচালক (ট্রেড ইউনিয়ন, সালিশী ও প্রশিক্ষণ শাখা)-শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়।
- ২। জনাব মোঃ গিয়াস উদ্দিন, পরিচালক, বিভাগীয় শ্রম দপ্তর, চট্টগ্রাম।
- ৩। জনাব মোহাম্মদ আব্দুস সাব্বির ভূইয়া, সহকারী পরিচালক, বিভাগীয় শ্রম দপ্তর, চট্টগ্রাম।
- ৪। জনাব আবু উমামা মোহাম্মদ জেহাদ, সহকারী পরিচালক, শিল্প সম্পর্ক শিক্ষায়তন, চট্টগ্রাম।
- ৫। সভাপতি/ সাধারণ সম্পাদক, বাংলাদেশ মার্চেন্ট মেরিন অফিসার্স এসোসিয়েশন।
- ৬। নির্বাচন সাব-কমিটির সদস্যবৃন্দ।
- ৭। বাংলাদেশ মার্চেন্ট মেরিন অফিসার্স এসোসিয়েশন-এর সকল সদস্যবৃন্দ এবং
- ৮। নোটিশবোর্ড, ই-মেইল, ওয়েবসাইট- <https://www.bmhoa.org/>।

Address: Portland Sattar Tower (3rd Floor), 1776, Strand Road, Barek Building, Agrabad C/A,
Chattogram-4100, Bangladesh. Tel: +8801711720036, +8801733938962

E-mail: president@bmhoa.org, info@bmhoa.org, Website: www.bmhoa.org